# 9464 - ঈদগাহে আগত ব্যক্তির জন্য যা কিছু করা শরিয়তসম্মত

প্রশ্ন

প্রশ্ন: আমি লক্ষ্য করছি, কিছু লোক ঈদগাহে এসে দুই রাকাত নামায পড়েন। আর কেউ কেউ তাকবীর দেয়ায় (আল্লাহু আকবার, আল্লাহু আকবার, লা ইলাহা ইল্লাল্লাহু আল্লাহু আকবার, ওয়া লিল্লাহিল হামদ) মশগুল হন। আশা করি, এ বিষয়ে শরিয়তের হুকুম কী তা পরিস্কার করবেন। মসজিদে নামায পড়া কিংবা ঈদগাহে নামায পড়া এর মাঝে কী পার্থক্য আছে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যে ব্যক্তি ঈদের নামায কিংবা বৃষ্টির নামায আদায় করার জন্য ঈদগাহে এসেছে তার জন্য সুন্নত হচ্ছে— বসে পড়া; 'তাহিয়্যাতুল-মসজিদ' এর নামায আদায় করা নয়। কেননা আমাদের জানা মতে, এ ধরণের আমল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিংবা তাঁর সাহাবীবর্গ থেকে বর্ণিত হয়নি। তবে, ঈদের নামায যদি মসজিদে আদায় করা হয় তাহলে 'তাহিয়্যাতুল-মসজিদ' এর নামায আদায় করতে পারেন; নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এ বাণীর ব্যাপকতার ভিত্তিতে: "তোমাদের কেউ যখন মসজিদে প্রবেশ করে তখন সে যেন দুই রাকাত নামায না পড়ে না বসে"।[সহিহ বুখারী ও সহিহ মুসলিম]

যে ব্যক্তি ঈদের নামাযের জন্য বসে আছেন তিনি বিশেষ বিশেষ 'লা-ইলাহা ইল্লাল্লাহ্', 'আল্লাহু আকবার' পড়বেন। কেননা এটি হচ্ছে সেই দিনের শ্লোগান। ঈদের খোতবা শেষ হওয়া অবধি মসজিদের অভ্যন্তরে ও বাইরে অবস্থানকারী সবার জন্য এটি সুন্নাহ্। আর কেউ যদি কুরআন তেলাওয়াতে সময় কাটান তাতেও কোন অসুবিধা নেই।

আল্লাহ্ই তাওফিকদাতা।